

যুগ্মাত্মক

হাজীগঞ্জে ৪৭ বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 হাজীগঞ্জ (চাঁদপুর) প্রতিনিধি

চাঁদপুরের হাজীগঞ্জের ৪৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে। এতে ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে এসব বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। জানা যায়, উপজেলার ১৫৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৭টিতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রয়েছে। সর্বশেষ ২০১৩ সালে ৩ জন প্রধান শিক্ষক নিয়োগ পায়। স্থায়ী প্রধান শিক্ষক না থাকায় প্রশাসনিক কাজ করতে বিপক্ষে পড়েছে উপজেলা শিক্ষা অফিস। প্রধান শিক্ষক পদ শূন্য বিদ্যালয়গুলো হল- পশ্চিম রাজারগাঁও, পূর্ব রাজারগাঁও, রাজারগাঁও, মেনাপুর, মেনাপুর আগরজান, মুকুন্দসার, খাজা গরীবে নেওয়াজ, পীর বাদশা মিয়া, পশ্চিম মুকুন্দসার, চারিয়ানি, দেওদ্রোন, ছয়চিলা, লোধপাড়া, উত্তর শ্রীপুর শহীদ স্মৃতি, মহেশপুর, মাড়কী, চাঁদপুর, নিশ্চিন্তপুর, সিদলা নওহাটা, চিলাটোঁ, জাকনী, সাদ্রা, শমেসপুর, পশ্চিম জাকনী, লাওকোরা, পশ্চিম হাটিলা, হাড়িয়াইন, দক্ষিণ পশ্চিম বেলঘর, নোয়াপাড়া, তারালিয়া, গৰ্বব্যপুর শ্যামলী গুচ্ছগ্রাম, কাশিমপুর, দেশগাঁও, কাঁকৈরতলা, ডাটরা শিবপুর, পাঁচে, পশ্চিম দেশগাঁও, বাউরপাড়, দক্ষিণ পাঁচে, দক্ষিণ কাশিমপুর, পয়ালজোষ আনোয়ার হোসেন রাজু, মধ্য ধড়া, নাসিরকোট, আহমেদাবাদ লুৎফুরনেছা, টোরাগড় ও উত্তর-পূর্ব মকিমাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়। উপজেলা শিক্ষা কর্মকর্তা জাহাঙ্গীর আলম বুলবুল সরকার বলেন, প্রধান শিক্ষক চেয়ে প্রতিবছর মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হয়। বিদ্যালয়ের অন্য শিক্ষকদের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক করতে গিয়ে শিক্ষক সংকটও তৈরি হয়। প্রধান শিক্ষক সংকটে ব্যাহত হচ্ছে শিক্ষাকার্যক্রম।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।